বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nmst.gov.bd


স্মারক: ৩৯.০৩.০০০০.০০০.০০২.৩৫.০০০৫.২৫-৬৭৭ তারিখঃ ১০ ডিসেম্বর ২০২৫

বিষয়: "বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬"এ অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সার্বিক নির্দেশনা ও তত্ত্বাবধানে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক আগামী ২৯ হতে ৩১ জানুয়ারি ২০২৬ পর্যন্ত "বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬" বাস্তবায়নের একটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত ইনোভেশন ফেয়ার-এ উদ্ভাবক, উদ্যোক্তা, বিনিয়োগকারী এবং শিল্প প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণের সুযোগ রয়েছে। দেশের সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তি পর্যায়ে বাস্তবায়নযোগ্য উদ্ভাবন বাণিজ্যিকীকরণের লক্ষ্যে শিল্প প্রতিষ্ঠান/বিনিয়োগকারীদের যোগসূত্র স্থাপনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের বিকাশকে ত্বরান্বিত করবে। এরূপ সম্ভাবনাময় আয়োজনকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে তাঁর আওতাধীন প্রতিষ্ঠান/কর্মক্ষেত্র/অধিক্ষেত্র/ব্যক্তিকে আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে আবেদন করে অংশগ্রহণ (আবেদন লিংক https://forms.gle/vfuwNseJwsVhPwPMA) করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, প্রাথমিক যাচাই-বাছাই শেষে নির্দিষ্ট সংখ্যক উদ্ভাবনকে আগামী ২৯ হতে ৩১ জানুয়ারি ২০২৬ পর্যন্ত আয়োজিত "বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬" এ অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে এবং চূড়ান্তভাবে নির্বাচিতগণকে পুরস্কার ও সম্মাননা প্রদান করা হবে।

(ড. মোঃ মনিরুজ্জামান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ ০২-৫৮১৬০৬১৩

........................................................

স্মারক: ৩৯.০৩.০০০০.০০০.০০২.৩৫.০০০৫.২৫-৬৭৭ তারিখঃ ১০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
৩। সচিব, শিল্প মন্ত্রণালয়।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৭। সচিব, কৃষি মন্ত্রণালয়।
৮। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৯। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১০। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
১১। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
১২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
১৩। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৫। অফিস কপি।

(ড. মোঃ মনিরুজ্জামান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ ০২-৫৮১৬০৬১৩

# বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬

**আয়োজক:** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
**বাস্তবায়নকারী:** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (NMST)
**স্থান:** আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nmst.gov.bd

## উদ্ভাবন অগ্রযাত্রায় নতুনত্বের সন্ধান

বাংলাদেশের উদ্ভাবনী শক্তিকে জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরতে আয়োজন করা হচ্ছে "বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬"। এটি একটি অনন্য প্ল্যাটফর্ম যেখানে উদ্ভাবক, উদ্যোক্তা, বিনিয়োগকারী এবং শিল্প প্রতিষ্ঠানসমূহ একসাথে যুক্ত হবেন। নির্দিষ্ট সংখ্যক উদ্ভাবকগণকে ইনোভেশন ফেয়ার এ অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। উদ্ভাবন সংক্রান্ত প্রদর্শনীর সম্ভাব্য তারিখ ২৯ হতে ৩১ জানুয়ারি ২০২৬।

### ○ মূল উদ্দেশ্য

- উদ্ভাবন প্রদর্শন
- বিনিয়োগকারী-উদ্ভাবক সংযোগ
- বাণিজ্যিকীকরণের সুযোগ সৃষ্টি
- জাতীয় উদ্ভাবনী ইকোসিস্টেমকে শক্তিশালী করা

### ○ পুরস্কার ও স্বীকৃতি

- শ্রেষ্ঠ উদ্ভাবকদের জন্য আকর্ষণীয় পুরস্কার/সম্মাননা/স্বীকৃতি প্রদান।

### ○ অন্যান্য কার্যক্রম

- প্রদর্শনী (Exhibition)
- B2B সেশন
- একাডেমিয়া, গবেষক ও উদ্যোক্তাদের মিলনমেলা
- কর্মশালা ও প্রশিক্ষণ

### ○ আবেদন সংক্রান্ত তথ্য

- **আবেদনের লিংকঃ** https://forms.gle/vfuwNseJwsVhPwPMA
- **আবেদনের শেষ তারিখঃ ৩১ ডিসেম্বর ২০২৫**
- **যোগাযোগ:**
  জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা-১২০৭
  ওয়েবসাইট- https://nmst.gov.bd/
- ইনোভেশন ফেয়ার-সংক্রান্ত যেকোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

QR Code

**"স্বপ্ন থেকে উদ্ভাবন, সমৃদ্ধি আনবে বাণিজ্যিকীকরণ"**